# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Superintending Engineer
Chittagong O&M Circle, BWDB,
Chattogram
Phone(office) 031-657373
(Res) 031-650189, Fax : 031-2558256
e-mail : sectgcircle@gmail.com

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
ফোন(অফিস) ০৩১-৬৫৭৩৭৩
(বাসা) ০৩১- ৬৫০১৮৯, ফ্যাক্স ঃ ০৩১-২৫৫৮২৫৬
ই-মেইল ঃ sectgcircle@gmail.com

স্মারক নং-তপ্র/চপওরসা/জ্ঞ-১৬/১৪৬৪ তারিখঃ ২১/১২/২০২১ খ্রিঃ

## গত ১৯/১২/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম দপ্তরের এপিএ পর্যালোচনা সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব শিবেন্দু খাস্তগীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম। |
| সভার তারিখ | ঃ | ১৯ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ। |
| সময় | ঃ | বিকাল ঃ ০৩:৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল'র দপ্তর, বাপাউবো, চট্টগ্রাম । |

১৯ ডিসেম্বর, ২০২১ খ্রি তারিখে সকাল ০৩ঃ৩০ ঘটিকায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম এর সভাপতিত্বে বাপাউবো'র অত্র সার্কেলের নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট:১ এ সংযুক্ত করা হলো।

০২। এপিএ কমিটির টিম লিডার এবং অদ্যকার সভার সভাপতি জনাব শিবেন্দু খাস্তগীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত অত্র সার্কেলের নির্বাহী প্রকৌশলীগণকে তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভূক্ত কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং লক্ষমাত্রা ও লক্ষমাত্রার বিপরীতে প্রকল্প ভিত্তিক বাস্তব অগ্রগতি সম্পর্কে আলোচনার অনুরোধ জানান।

০৩। সভার এ পর্যায়ে, এপিএ কমিটির ফোকাল পয়েন্ট এবং নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২ জনাব নাহিদ উজ-জামান খান জানান, তাঁর দপ্তরের আওতায় তিনটি এডিপিভূক্ত প্রকল্প চলমান আছে। উক্ত প্রকল্প সমুহের সার্বিক অগ্রগতি এপিএ বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। তিনি জানান, "চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার পোল্ডার নং- ৬৪/১এ, ৬৪/১বি এবং ৬৪/১সি এর সমন্বয়ে ক্ষতিগ্রস্থ অংশের স্থায়ী পুনর্বাসন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ১৯, ৩৬, ৩৭ নং প্যাকেজে চলমান জটিলতার বিষয়ে সভাকে আবহিত করেন যা অব্যাহত থাকলে এপিএ কাঙ্খিত অর্জন ব্যাহত হবে। তিনি আরো জানান, বিগত ২০/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় কম অগ্রগতি সম্পন্ন প্যাকেজসমূহের কাজ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে বাতিলকৃত কাজগুলি বর্তমান সিডিউল রেইটে বাস্তবভিত্তিক প্রাক্কলন প্রস্তুতপূর্বক নতুন করে দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী চুক্তি বাতিলপূর্বক নতুন করে দরপত্র আহ্বান করে দরপত্র মূল্যায়ন এবং কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী ভৌত কাজ শুরু হয়েছে। বর্তমানে ভৌত কাজের মোবিলাইজেশন চলমান রয়েছে। এছাড়াও, প্রকল্পের সকল ভৌত কাজ সম্পাদনের লক্ষ্যে ৫৫.০০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। "চট্টগ্রাম জেলার মিরশ্বরাই উপজেলায় বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (বেজা) বন্যা নিয়ন্ত্রণ সড়ক কাম বেড়ী বাঁধ প্রতিরক্ষা ও নিষ্কাশন (২য় সংশোধনী প্রক্রিয়াধীন)" শীর্ষক প্রকল্পে বর্তমানে ইট, স্টোন চিপস, রড, সিমেন্ট সহ সকল প্রকার নির্মাণ সামগ্রীর অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফলে ঠিকাদারী প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত অর্জন ব্যহত হচ্ছে। "চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার পোল্ডার নং-৭২ এর ভাঙ্গনপ্রবণ এলাকায় স্লোপ প্রতিরক্ষা কাজের মাধ্যমে পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তির জন্য চলতি অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের অতিরিক্ত ৪৫.৮০ কোটি টাকা বরাদ্দ সংস্থান প্রয়োজন। "সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন, (২য় পর্যায়)" শীর্ষক

প্রকল্পের আওতায় ফেনী নদীর বামতীরে চলমান নদী তীর প্রতিরক্ষামূলক কাজে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) কর্তৃক বাধা প্রদানের বিষয়টি সুরহা না হলে প্রকল্পের কাজ অসামপ্ত থেকে যাবে যা এপিএ অর্জনে প্রতিবন্ধকতা তৈরী করবে।

জনাব নাহিদ উজ-জামান খান নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম পওর বিভাগ-২ এর বক্তব্যের পরে তাঁর অনুরোধে জনাব নুরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, রাঙ্গামাটি পওর বিভাগ বক্তব্য শুরু করেন। তিনি জানান, "চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া ও বোয়ালখালী উপজেলা এবং রাঙ্গামাটি পার্বত্য জেলার কাপ্তাই উপজেলায় কর্ণফুলী ও ইছামতি নদী এবং শিলক খালসহ অন্যান্য খালের উভয় তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পে"এ মাঠ পর্যায়ে মবিলাইজেশন শুরু করা হয়েছে। ড্রেজিং কাজের অবশিষ্ট একটি প্যাকেজের বিষয়ে স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে নদীর নির্ধারিত অংশে সমীক্ষা কাজের প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। প্রতিবেদনে ইছামতি নদী ড্রেজিং এর প্রয়োজনীয়তা নেই মর্মে সুপারিশ প্রদান করেছেন। "চট্টগ্রাম জেলার হাটহাজারী ও রাউজান উপজেলায় হালদা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে বিভিন্ন এলাকা রক্ষাকল্পে তীর সংরক্ষণ কাজ" শীর্ষক প্রকল্পে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত বর্ধিতকরণ করা হয়েছে এবং প্রকল্পটিতে বিগত অর্থ-বছরে সম্পাদিত কাজের পরিশোধযোগ্য বিল বকেয়া রয়েছে। অর্থ বরাদ্দ না পেলে প্রকল্পের কাজ সমাপ্তি সম্ভব হবে ন। যা এপিএ অর্জনে নেতিবাচক প্রভাব ফেলবে।

সভার এ পর্যায়ে নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম পওর বিভাগ-১ এর প্রতিনিধি জনাব অনুপম দাশ, উপ-বিভাগীয় প্রকৌশলী আনোয়ারা পওর উপ-বিভাগ বক্তব্য শুরু করেন। তিনি জানান চট্টগ্রাম পওর বিভাগ-১ এর অধীন বাস্তবায়নাধীন চারটি এডিপিভূক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। কিছু প্যাকেজে সাময়িক সমস্যার কারণে প্রতিবন্ধকতা সৃষ্টি হলেও বর্তমানে পুরোদমে কাজ চলমান রয়েছে। তিনি জানান, "চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং- ৬২ (পতেঙ্গা), পোল্ডার নং- ৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং- ৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন প্রকল্প (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পে দীর্ঘদিন কাজের উল্লেখযোগ্য অগ্রগতি না থাকায় ৪টি প্যাকেজের ঠিকাদার মশিউর রহমান চৌধুরীকে ২৮ দিনের কাজ বাতিলের নোটিশ প্রদানের পর সাইটে মোবিলাইজেশনের কাজ শুরু হয়েছে। এছাড়াও, আলোচ্য প্রকল্পের অধীন ১৫ কিঃমিঃ বৃক্ষরোপনের বিষয়ে বন অধিদপ্তরের সাথে আলোচনা চলমান রয়েছে। "চট্টগ্রাম মহানগরীর বন্যা নিয়ন্ত্রণ, জলামগ্নতা/জলাবদ্ধতা নিরসন ও নিষ্কাশন উন্নয়ন" শীর্ষক প্রকল্পে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আপত্তির কারনে ফ্লাড ওয়াল নির্মাণকাজ শুরু করা যায়নি। চলতি অর্থবছরের এপিএ'তে ১.০০ কিঃমিঃ ফ্লাড ওয়াল নির্মাণের লক্ষমাত্রা নির্ধারণ করা আছে। বন্দর কর্তৃপক্ষের আপত্তির কারণে ফ্লাড ওয়াল নির্মাণকাজ সম্পন্ন না হলে এপিএ অর্জন সম্ভব হবে না।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী এবং সময় |
|---|---|---|
| ক) | এপিএ টিমের আগামী মাসিক সভা যথাসময়ে আহ্বান করতে হবে এবং পরবর্তী সভায় সকল নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলীগণকে উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) , উপ সহকারী প্রকৌশলী এবং পিএ (অত্র দপ্তর) ; যথাশীঘ্রই |
| খ) | অত্র দপ্তরের ওয়েব পোর্টাল চালু করার বিষয়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) , উপ সহকারী প্রকৌশলী এবং পিএ (অত্র দপ্তর) ; যথাশীঘ্রই |
| গ) | চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল), যথাসময়ে |
| ঘ) | প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করার জন্য প্রকল্পওয়ারী বরাদ্দকৃত অর্থ দ্রুত অনুমোদনের পদক্ষেপ গ্রহণ | টিম লিডার, যথাসময়ে |
| ঙ) | কর্মচারীদের নিয়মিত ইন হাউজ প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল),যথাসময়ে |

| | | |
|---|---|---|
| চ) | কাজের উৎকর্ষ বৃদ্ধির স্বার্থে এপিএ বাস্তবায়নে যুক্ত কর্মকর্তা/কর্মচারীগনের জন্য প্রণোদনার উদ্যোগ নিতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল), যথাসময়ে |
| ছ) | দপ্তরকে নান্দনিকভাবে উপস্থাপনের ব্যবস্থা নিতে হবে। | সকল দপ্তর প্রধান, অবিলম্বে |
| জ) | দপ্তর/ দপ্তর প্রধান নিয়মিত অধস্তন অফিস সমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যক্রম মনিটরিং নিশ্চিত করা। | টিম লিডার, যথাসময়ে |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/12/2021

(শিবেন্দু খাস্তগীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো,চট্টগ্রাম।
এবং
টিম লিডার, এপিএ টিম

**স্মারক নং ঃ স্মারক নং-তপ্র/চপওরসা/১-১৬/২৪৬৪/১(১২)** **তারিখ ঃ ২১/১২/২০২১ খ্রিঃ**

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ

১-২। প্রধান প্রকৌশলী দক্ষিণ-পূর্বাঞ্চল/ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪-৬। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-১/২/রাঙ্গামাটি পওর বিভাগ, চট্টগ্রাম, রাঙ্গামাটি।
৯। জনাব শাফাত হোসেন, সদস্য এপিএ টিম এবং সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলীর দপ্তর, বাপাউবো, চট্টগ্রাম।
১০। জনাব মোকারেমুল বারী, সদস্য এপিএ টিম এবং সহকারী পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।
১১। জনাব রশীদুল মামুর রাফিদ, সদস্য এপিএ টিম এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (অঃদাঃ), রাঙ্গামাটি পওর উপ-বিভাগ, বাপাউবো, রাঙ্গামাটি।
১২। জনাব সত্য রঞ্জন ধর, সদস্য এপিএ টিম এবং পিএ টু তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।

21.12.2021

(নাহিদ-উজ-জামান খান)
নির্বাহী প্রকৌশলী
চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম।
এবং
সদস্য-সচিব, এপিএ টিম